“তোমরা প্রত্যেকে দায়িত্বশীল এবং তোমরা প্রত্যেকেই তার অধীনস্থদের বিষয়ে জিজ্ঞাসিত হবে।

আব্দুল্লাহ ইবন ‘উমার রাদ্বিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা প্রত্যেকে দায়িত্বশীল এবং তোমরা প্রত্যেকেই তার অধীনস্থদের বিষয়ে জিজ্ঞাসিত হবে। শাসক দায়িত্বশীল, সে তার প্রজাদের ব্যাপারে জবাবদিহী করবে। একজন পুরুষ তার পরিবারে দায়িত্বশীল এবং সে তার অধীনদের
বিষয়ে জিজ্ঞাসিত হবে। স্ত্রী তার স্বামীর ঘরের দায়িত্বশীল, কাজেই সে তার দায়িত্বের বিষয়ে জিজ্ঞাসিতা হবে। আর সেবক সে তার মুনিবের সম্পদের দায়িত্বশীল এবং সে তার দায়িত্বের বিষয়ে জিজ্ঞাসিত হবে। বস্তুত তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল এবং
প্রত্যেকেই নিজ নিজ দায়িত্বের ব্যাপারে জিজ্ঞাসিত হবে।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম জানিয়েছেন যে, সমাজে প্রত্যেক মুসলিমের উপর দায়িত্ব অর্পিত আছে, যা তাকে পালন করতে হবে। ইমাম ও শাসক তাদের রক্ষক, আল্লাহ তাকে যাদের দায়িত্ব দিয়েছেন। তার উপর অর্পিত দায়িত্ব হলো তাদের শরীয়তের হিফাযত করা, তাদের উপর অত্যাচার হওয়া থেকে রক্ষা করা, তাদের শত্রুর বিরুদ্ধে জিহাদ করা এবং তাদের অধিকার নষ্ট না করা। পুরুষ তার পরিবারের প্রতি দায়িত্বশীল। তার উপর অর্পিত দায়িত্ব হলো তাদের ভরণ-পোষণ করা, উত্তম আচরণ করা এবং তাদেরকে শিক্ষা দেওয়া ও আদব শেখানো। স্ত্রী তার স্বামীর ঘরের রক্ষক। তার দায়িত্ব হলো ঘর সুন্দরভাবে পরিচালনা করা, সন্তানদের লালন-পালন করা এবং এ বিষয়ে সে জিজ্ঞাসিত হবে। চাকর, গোলাম ও শ্রমিক তাদের মালিকের সম্পদের প্রতি দায়িত্বশীল। তাদের দায়িত্ব হলো তাদের হাতে থাকা সম্পদ রক্ষা করা এবং সেবা করা। সে এ বিষয়ে জিজ্ঞাসিত হবে। সুতরাং, প্রত্যেকেই তার উপর অর্পিত দায়িত্বের দায়িত্বশীল, এবং প্রত্যেকেই তার দায়িত্বের ব্যাপারে জিজ্ঞাসিত হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/5819